

(নতুন পাঠক্রম)

1. নিম্নলিখিত প্রশ্নগুলির প্রতিটি ক্ষেত্রে সঠিক উত্তরটি নির্বাচন করো :  $1 \times 6 = 6$

(i) বার্ষিক 10% সরল সুদের হারে a টাকার b মাসের সুদ :

~~(a)~~  $\frac{ab}{100}$  টাকা

(b)  $\frac{ab}{120}$  টাকা

~~(c)~~  $\frac{ab}{1200}$  টাকা

(d)  $\frac{ab}{10}$  টাকা

(ii) যদি  $x \propto y$  হয়, তাহলে :

(a)  $x^2 \propto y^3$

~~(b)~~  $x^3 \propto y^2$

(c)  $x \propto y^2$

~~(d)~~  $x^2 \propto y^2$

(iii) ABCD বৃত্তস্থ চতুর্ভুজের  $\angle A = 100^\circ$  হলে  $\angle C$ -এর মান :

(a)  $50^\circ$

(b)  $200^\circ$

~~(c)~~  $80^\circ$

(d)  $180^\circ$

(iv)  $\frac{7\pi}{12}$  -এর সঠিক পদ্ধতিতে মানটি হল :

(a)  $115^\circ$

(b)  $150^\circ$

(c)  $135^\circ$

~~(d)~~  $105^\circ$

(v) একটি ঘনকের একটি বাহুর দৈর্ঘ্য a একক এবং কর্ণের দৈর্ঘ্য d একক হলে a এবং d -এর সম্পর্ক হবে :

(a)  $\sqrt{2}a = d$

~~(b)~~  $\sqrt{3}a = d$

(c)  $a = \sqrt{3}d$

(d)  $a = \sqrt{2}d$

(নতুন পাঠক্রম)

(vi)  $6, 7, x, 8, y, 16$  সংখ্যাগুলির গড় 9 হলে :

(a)  $x + y = 21$

(c)  $x - y = 21$

(b)  $\cancel{x} + y = 17$

(d)  $x - y = 19$

2. শূন্যস্থান পূরণ করো (যে কোনো পাঁচটি) :  $1 \times 5 = 5$

(i) বার্ষিক  $r\%$  সরল সুদের হারে কোনো মূলধনের  $n$  বছরের

সুদ  $\frac{pn r}{25}$  টাকা হলে মূলধনের পরিমাণ 4P টাকা  
হবে।

(ii)  $(a - 2)x^2 + 3x + 5 = 0$  সমীকরণটিতে  $a$ -এর মান  
 $a=2$  এর জন্য দ্বিঘাত সমীকরণ হবে না।

(iii) ABCD একটি বৃত্তস্থ সামান্তরিক হলে  $\angle A$  -এর মান  
হবে  $90^\circ$ ,

(iv)  $\tan 35^\circ \tan 55^\circ = \sin \theta$  হলে,  $\theta$ -এর সর্বনিম্ন ধনাত্মক  
মান \_\_\_\_\_ হবে।

(v) একমুখ কাটা একটি পেনসিলের আকার চোঙ ও \_\_\_\_\_  
সম্বয়।

(vi) মধ্যগামিতার মাপকগুলি হল গড়, মধ্যমা ও \_\_\_\_\_।

3. সত্য বা মিথ্যা লেখো (যে কোনো পাঁচটি) :  $1 \times 5 = 5$

(i) নির্দিষ্ট আসলের উপর সমান হারে সুদ হলে 2 বছরের  
সরল সুদ, চক্ৰবৃদ্ধি সুদের তুলনায় বেশী। ~~X~~

(ii)  $x^3y, x^2y^2$  এবং  $xy^3$  কৃমিক সমানুপাতী। ✓

(iii) অধিবৃত্তাংশস্থ অপেক্ষা ক্ষুদ্রতর বৃত্তাংশস্থ কোণ স্থূলকোণ। ~~✓~~

(iv)  $\sec^2 27^\circ - \cot^2 63^\circ$  -এর সরলতম মান 1. ✓

## (নতুন পাঠক্রম)

- (v) একটি গোলকের ব্যাসার্ধ দ্বিগুণ হলে গোলকটির আয়তন প্রথম গোলকের আয়তনের দ্বিগুণ হবে।

(vi)

স্কোর	1	2	3	4	5
শিক্ষার্থীর সংখ্যা	3	6	4	7	5

X

বিভাজনটির সংখ্যাগুরু মান হল 3.

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দশটি) :

$$2 \times 10 = 20$$

- (i) বার্ষিক সরল সুদের হার  $4\%$  থেকে  $3\frac{3}{4}\%$  হওয়ায় এক ব্যক্তির বার্ষিক আয় 60 টাকা কম হয়। ঐ ব্যক্তির মূলধন নির্ণয় করো।

- (ii) A এবং B যথাক্রমে 15,000 টাকা ও 45,000 টাকা দিয়ে একটি ব্যবসা শুরু করল। 6 মাস পরে B লভ্যাংশ হিসাবে 3,030 টাকা পেল। A -এর লভ্যাংশ কত ?

- (iii)  $2x + \frac{1}{x} = 2$  হলে,  $\frac{x}{2x^2 + x + 1}$  -এর মান কত ?

- (iv) কোনো দিঘাত সমীকরণের বীজদ্বয় 2, -3 হলে সমীকরণটি লেখ।

- (v)  $\triangle ABC$ -এর BC বাহুর সমান্তরাল সরলরেখা AB ও AC কে যথাক্রমে P ও Q বিন্দুতে ছেদ করে। যদি  $AP = 4$  সেমি,  $QC = 9$  সেমি এবং  $PB = AQ$  হয় তাহলে PB-এর দৈর্ঘ্য নির্ণয় করো।

(নতুন পাঠক্রম)

- (vi) O কেন্দ্রীয় বৃত্তের ব্যাসার্ধের দৈর্ঘ্য 5 সেমি। O বিন্দু থেকে 13 সেমি দূরত্বে P একটি বিন্দু। PQ এবং PR বৃত্তের দুটি স্পর্শক হলে PQOR চতুর্ভুজের ক্ষেত্রফল কত ?
- (vii) O কেন্দ্রীয় বৃত্তে AB ও CD জ্যা দুটি কেন্দ্র থেকে সমদূরবর্তী  $\angle AOB = 60^\circ$  এবং  $CD = 6$  সেমি হলে, বৃত্তটির ব্যাসার্ধের দৈর্ঘ্য কত ?
- (viii)  $\tan \theta + \cot \theta = 2$  হলে  $\tan^7 \theta + \cot^7 \theta =$  কত ?
- (ix) একটি স্তৰের ছায়ার দৈর্ঘ্য এবং স্তৰের উচ্চতার অনুপাত  $\sqrt{3} : 1$  হলে, সূর্যের উন্নতি কোণ নির্ণয় করো।
- (x) দুটি লম্ব বৃত্তাকার চোঙের আয়তন সমান ও তাদের উচ্চতার অনুপাত  $1 : 2$  হলে, চোঙদুটির ব্যাসার্ধের দৈর্ঘ্যের অনুপাত কত ?
- (xi) একটি নিরেট অর্ধগোলকের আয়তন  $144\pi$  ঘনসেমি হলে, গোলকটির ব্যাসের দৈর্ঘ্য কত ?
- (xii) একটি পরিসংখ্যা বিভাজনের গড়  $8.1$ ,  
 $\sum f_i x_i = 132 + 5K$  এবং  $\sum f_i = 20$  হলে K-এর মান কত ?

5. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

5

- (a) আমিনুর একটি ব্যাঙ্ক থেকে 64,000 টাকা ধার নিয়েছে। যদি ব্যাঙ্কের সুদের হার প্রতি বছরে প্রতি টাকায় 2.5 পয়সা হয়, তবে ঐ টাকার 2 বছরের চক্রবৃদ্ধি সুদ কত হবে ?

(নতুন পাঠক্রম)

- (b) A, B ও C যথাক্রমে 6,000 টাকা, 8,000 টাকা ও 9,000 টাকা মূলধন নিয়ে একত্রে ব্যবসা আরম্ভ করলো। কয়েক মাস পর A আরও 3,000 টাকা ব্যবসায় লগ্নী করলো। বছরের শেষে মোট 30,000 টাকা লাভ হল এবং C তার ভাগে 10,800 টাকা লভ্যাংশ পেল। A কখন আরও 3,000 টাকা লগ্নী করেছিল ?
6. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 3
- (a) সমাধান করো :
- $$\left(\frac{x+4}{x-4}\right)^2 - 5\left(\frac{x+4}{x-4}\right) + 6 = 0, (x \neq 4).$$
- (b) দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার একক স্থানীয় অঙ্কটি দশক স্থানীয় অঙ্ক অপেক্ষা 6 বেশী এবং অঙ্কদ্বয়ের গুণফল সংখ্যাটির চেয়ে 12 কম। সংখ্যাটির এককের অঙ্ক কী কী হতে পারে ?
7. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 3
- (a) সরলতম মান নির্ণয় করো :
- $$\sqrt{7}(\sqrt{5} - \sqrt{2}) - \sqrt{5}(\sqrt{7} - \sqrt{2}) + \frac{2\sqrt{2}}{\sqrt{5} + \sqrt{7}}$$
- (b)  $x \propto y$  এবং  $y \propto z$  হলে প্রমাণ করো :
- $$(x^2 + y^2 + z^2) \propto (xy + yz + zx).$$
8. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 3
- (a)  $\frac{a+b-c}{a+b} = \frac{b+c-a}{b+c} = \frac{c+a-b}{c+a}$  এবং  $a+b+c \neq 0$
- হলে প্রমাণ করো  $a = b = c$ .

## (নতুন পাঠক্রম)

(b)  $x : a = y : b = z : c$ , হলে দেখাও

$$(a^2 + b^2 + c^2)(x^2 + y^2 + z^2) = (ax + by + cz)^2 \text{ হবে।}$$

9. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 5

- (a) প্রমাণ করো একটি সমকোণী ত্রিভুজের সমকোণিক বিন্দু থেকে অতিভুজের উপর লম্ব অঙ্কন করলে লম্বের দুপাশে যে দুটি ত্রিভুজ উৎপন্ন হয়, তারা মূল ত্রিভুজের সঙ্গে সদৃশ এবং পরস্পর সদৃশ।
- (b) প্রমাণ করো কোনো বৃত্তের স্পর্শক ও স্পর্শ বিন্দুগামী ব্যাসার্ধ পরস্পর লম্ব।

10. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 3

- (a) ABC ত্রিভুজের BC বাহুর উপর AD লম্ব এবং  $AD^2 = BD \cdot DC$ ; প্রমাণ করো  $\angle BAC$  একটি সমকোণ।
- (b) একটি সরলরেখা দুটি এককেন্দ্রীয় বৃত্তের একটিকে A ও B বিন্দুতে এবং অপরটিকে C ও D বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ করো  $AC = BD$ .

11. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 5

- (a) 4 সেমি ও 2 সেমি ব্যাসার্ধবিশিষ্ট দুটি বৃত্ত অঙ্কন করো যাদের কেন্দ্রস্থানের দূরত্ব 7 সেমি। ঐ দুটির একটি সরল সাধারণ স্পর্শক অঙ্কন করো। (কেবলমাত্র অঙ্কন চিহ্ন দিতে হবে।)
- (b) একটি ত্রিভুজ অঙ্কন করো যার দুটি বাহুর দৈর্ঘ্য 9 সেমি 7 সেমি এবং তাদের অন্তর্ভুক্ত কোণ  $60^\circ$ ; ত্রিভুজটির অন্তর্বৃত্ত অঙ্কন করো। (কেবলমাত্র অঙ্কন চিহ্ন দিতে হবে।)

12. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : 2×3=6

- (a) একটি বৃত্তের 220 সেমি দৈর্ঘ্যের বৃত্তচাপ বৃত্তের কেন্দ্রে  $60^\circ$  পরিমাপের কোণ উৎপন্ন করলে, বৃত্তের ব্যাসার্ধের দৈর্ঘ্য নির্ণয় করো।

(নতুন পাঠক্রম)

(b) যদি  $\cos^2 \theta - \sin^2 \theta = \frac{1}{2}$  হয়, তাহলে  $\tan^2 \theta$ -এর মান নির্ণয় করো।

(c) মান নির্ণয় করো :

$$\frac{\sec 17^\circ}{\operatorname{cosec} 73^\circ} + \frac{\tan 68^\circ}{\cot 22^\circ} + \cos^2 44^\circ + \cos^2 46^\circ$$

13. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 5

(a) সূর্যের উন্নতি কোণ  $45^\circ$  থেকে বৃদ্ধি পেয়ে  $60^\circ$  হলে, একটি খুঁটির ছায়ার দৈর্ঘ্য 3 মিটার কমে যায়। খুঁটিটির উচ্চতা নির্ণয় করো।

(b)  $5\sqrt{3}$  মিটার উঁচু একটি রেলওয়ে ওভারব্রিজে দাঁড়িয়ে এক ব্যক্তি প্রথমে একটি ট্রেনের ইঞ্জিনকে ব্রিজের এপারে  $30^\circ$  অবনতি কোণে দেখলেন। কিন্তু 2 সে. পরে ঐ ইঞ্জিনকে ব্রিজের ওপারে  $45^\circ$  অবনতি কোণে দেখলেন। ট্রেনটির গতিবেগ কত ?

14. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 4 = 8$

(a) একটি ঘনকের প্রতিটি বাহুকে 50% কমানো হল। মূল ঘনক ও পরিবর্তিত ঘনকের ঘনফলের অনুপাত কত ?

(b) ঢাকনাবিহীন একটি লম্ববৃত্তাকার চোঙাকৃতি পাত্রের সমগ্রতলের ক্ষেত্রফল 2002 বর্গসেমি। পাত্রটির ভূমির ব্যাসার্ধ 7 সেমি হলে, পাত্রটিতে কত লিটার জল ধরবে ?  
(1 লিটার = 1 ঘন ডেসিমি)

(c) 21 ডেসিমি দীর্ঘ, 11 ডেসিমি প্রশস্ত ও 6 ডেসিমি গভীর একটি চৌবাচ্চার অর্ধেক জলপূর্ণ আছে। ঐ চৌবাচ্চায় যদি একটি চৌবাচ্চার অর্ধেক জলপূর্ণ আছে। ঐ চৌবাচ্চায় যদি 21 সেমি ব্যাসের 100 টি নিরেট গোলক ডুবিয়ে দেওয়া যায়, তবে জলতল কত ডেসিমি উঠে আসবে ?

(Contd.)

(নতুন পাঠক্রম)

15. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : 4+4=8

(a) নিম্নে প্রদত্ত প্রবেশিকা পরীক্ষায় পরীক্ষার্থীর বয়সের পরিসংখ্যা  
বিভাজন ছক থেকে সংখ্যাগুরু মান নির্ণয় করো :

বয়স (বছরে)	16-18	18-20	20-22	22-24	24-26
পরীক্ষার্থীর সংখ্যা	45	75	38	22	20

(b) নীচের তথ্যের মধ্যম নির্ণয় করো :

শ্রেণি সীমা	1-5	6-10	11-15	16-20	21-25	26-30	31-35
পরিসংখ্যা	2	3	6	7	5	4	3

(c) নীচের পরিসংখ্যা বিভাজনের ক্ষুদ্রতর সূচক ওজাইভ অঙ্কন  
করো :

শ্রেণি সীমা	50-60	60-70	70-80	80-90	90-100
পরিসংখ্যা	4	8	12	6	10

[ দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য বিকল্প প্রশ্ন ]

11. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 5

(a) 4 সেমি ও 2 সেমি ব্যাসাধিবিশিষ্ট দুটি বৃত্তের অঙ্কন  
প্রণালী বর্ণনা করো যাদের কেন্দ্রদুর্যোগ দূরত্ব 7 সেমি।  
ঐ বৃত্তদুটির একটি সরল সাধারণ স্পর্শকের অঙ্কন প্রণালী  
বর্ণনা করো।

(b) একটি ত্রিভুজের অঙ্কন প্রণালী বর্ণনা করো যার  
দুটি বাহুর দৈর্ঘ্য 9 সেমি ও 7 সেমি এবং তাদের  
অন্তর্ভুক্ত কোণ  $60^\circ$ । ত্রিভুজটির অন্তর্বৃত্তের অঙ্কন  
প্রণালী বর্ণনা করো।

(নতুন পাঠক্রম)

[ বহিরাগত পরীক্ষার্থীদের জন্য অতিরিক্ত প্রশ্ন ]

16. (a) যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 3 = 6$

- (i) 120 টাকায় একটি তোয়ালে বিক্রয় করে 50% লাভ হয়। 104 টাকায় বিক্রয় করলে কত শতাংশ লাভ হবে ?
- (ii)  $\sin \theta = \sqrt{3} \cos \theta$  হলে  $\sin^2 \theta + \frac{1}{2} \cos \theta =$  কত ?
- (iii) 14 সেমি ব্যাসাধিবিশিষ্ট ঢাকনা সমেত একটি অর্ধগোলকাকৃতি বাটি তৈরি করতে কত পরিমাণ ধাতব পাত লাগবে ?
- (iv)  $(2a + 1)x^2 + 3x + 5 = 0$  সমীকরণটি 'a' এর কোন মানের জন্য বীজদ্বয় সমান হবে ?

(b) যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $1 \times 4 = 4$

- (i)  $4x^2 - 3x + 2 = 0$  সমীকরণের বীজদ্বয়ের সমষ্টি কত ?
- (ii)  $\sin 2\theta = 1$  হলে  $3\theta$  -এর মান ডিপ্রিতে কত ?  
 $(0^\circ < \theta < 90^\circ)$
- (iii) বার্ষিক 10% সরল সুদে কত বছরে কোনো টাকার সুদ আসলের  $3/5$  অংশ হবে ?
- (iv) একটি সমকোণী ত্রিভুজের সমকোণ ধারক বাহুদুটির দৈর্ঘ্য 9 সেমি এবং 12 সেমি। ত্রিভুজটির পরিব্যাসার্ধের দৈর্ঘ্য নির্ণয় করো।
- (v) স্থূলকোণী ত্রিভুজের পরিবৃত্তের কেন্দ্র ত্রিভুজের ভিতরে না বাহিরে অবস্থিত ?